

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাঠ পর্যায়ের বাতায়ন সমূহ হালনাগাদের জন্যে সাধারণ নির্দেশিকাঃ

অবশ্য করণীয় ও গাইড লাইনসঃ

- ১। “আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা” এর “[ক্রমিক ৪ ওয়েবসাইট সেবাবক্স হালনাগাদকরণ](#)” অংশ অনুসরণ করতে হবে।
- ২। “[মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের নির্দেশিকা](#)” এর ২.৪ অনুসরণ করতে হবে।
- ৩। উপজেলা পর্যায়ের সহকারী প্রোগ্রামার গণ “[উপজেলা পর্যায়ের সরকারি অফিসের মেনু ও সেবা বক্স কাঠামো গাইডলাইন](#)” অনুসরণ করবেন। জেলা পর্যায়ের প্রোগ্রামারগণ “[জেলা পর্যায়ের সরকারি অফিসের মেনু ও সেবা বক্স কাঠামো গাইডলাইন](#)” অনুসরণ করবেন। সর্বতভাবে জেলা এবং উপজেলা পর্যায়ের যেকোন ম্যানুয়াল ও গাইড লাইন “[জাতীয় তথ্য বাতায়নের ইউজার মেনুয়াল ও কন্টেন্ট গাইড লাইন \(মাঠ পর্যায়\)](#)” অনুসরণ করবেন।

সাধারণ অনুসরণীয় গাইড লাইনস / পরামর্শঃ

- ১। যেকোন ব্লক লিঙ্ক সংশোধন করতে হবে অথবা unpublish করে রাখতে হবে। কোন অবস্থাতেই ব্লক লিঙ্ক থাকা যাবে না। লিঙ্ক যদি placeholder হিসেবে রাখতেই হয় তবে লিঙ্কের URL হ্যাশ (#) দিয়ে রাখবেন। ব্লক লিঙ্ক চেকার দিয়ে চেক করা যেতে পারে। অন্য টুলস ও ব্যবহার করা যেতে পারে।
- ২। ভিশন ও মিশন DOICT এর অনুরূপ হবে।
- ৩। সিটিজেন চার্টার থাকতে হবে।
- ৪। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), ইনোভেশন, শুদ্ধাচার বক্স সমূহ হালনাগাদ থাকতে হবে।
- ৫। হালনাগাদকৃত নোটিশ / খবর থাকতে হবে।
- ৬। Content এর ক্ষেত্রে প্যারা, বুলেট পয়েন্টস, ছবি ইত্যাদি সমূহে alignment এর প্রতি সজাগ থাকা দরকার। প্যারা গুলো justified(look and feel সামঞ্জস্যতার ভিত্তিতে), বুলেট পয়েন্টস এ HTML ট্যাগ ul/ol ব্যবহার করা, ছবি সবসময় center aligned করার চর্চা করতে হবে।
- ৭। পুরো website এ Font, font এর সাইজ সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত।
- ৮। কোন ছক থাকলে তা পুরো ওয়েবসাইটে একই রকমের হওয়া উচিত। MSWord বা MExcel থেকে সরাসরি না নিয়ে HTML/CSS ব্যবহার করে ছক বানানো উচিত।

৯। ফাকা পেজ না রাখাই ভালো। অন্তত কিছু Content তাতে রাখতে হবে।

১০। সকল সরকারী বাতায়নের সাথে মিল রেখে www.logo.gov.bd থেকে লোগো/আইকন ব্যবহার করা।

১১। পুরো ওয়েবসাইটের English version থাকতে হবে।